সংবাদ

455

তারিখ ২২।২।৮১
পৃষ্ঠা ৭ কলাম ৪

077

# মাত্র ৩ বিষয়ে পরীক্ষা দিয়েই পাস ?

নীলফামারী, ১৭ই জানুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।— লিখিত সবগুলো বিষয়ে পরীক্ষা দেয়ার নিয়ম থাকলেও মাত্র তিনটি বিষয়ে পরীক্ষা দিয়ে সাহেরা বানু নামে এক পরীক্ষার্থিনী সি, এন, এড পরীক্ষায় পাস করেছে।

প্রকাশ, জনশিক্ষা পরিচালকের ১৯৭৫ সালের ৩০শে অক্টোবর ১২৭৬/৭০ এক সার্কুলারে জানানো হয় যে, প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্রে সি, ইন-এড পরীক্ষায় দুই-এর অধিক বিষয়ে অকৃতকার্য হলে প্রার্থীকে অবশ্যই সব বিষয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। সে হিসেবে নীলফামারী শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্রের গত ১৯৭৮/৭৯ শিক্ষা বৎসরের পরীক্ষার্থিনী সাহেরা বানু অংক, ধর্ম, ও স্বাস্থ্য—এই তিন বিষয়ে অকৃতকার্য হয়। নিয়ম অনুসারে সবগুলো বিষয়ে তার পরীক্ষা দেয়ার কথা, কিন্তু সে ১৯৭৯/৮০ শিক্ষা বৎসরে অনিয়মিত ১৮ ক্রমিক নম্বরে মাত্র তিনটি বিষয়ে পরীক্ষা দেয়। এতে জনশিক্ষা পরিচালকের সার্কুলার অনুযায়ী তার অকৃতকার্য হবার কথা।